সদর দপ্তর
বাংলাদেশ কোস্ট গার্ড
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭

ফোন ঃ ৪১০২৫৬০৯ ফ্যাক্স ঃ ৪১০২৫৬০১
ই-মেইল ঃ cghqdpers@gmail.com

০৫ অগ্রাহয়ণ ১৪৩০

৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৩.২৩৯৪ 20 নভেম্বর ২০২৩

অফিস আদেশ- মোঃ মামুনুর রশিদ, এমটিডি, ব্যক্তিগত নং-২০২১১৯ (শিক্ষানবিশ)

সূত্রঃ

ক। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং-৪৪.০৮.২৬৮০.০০৪.১২.০০১.২৩.১০১ তারিখ ০৬ এপ্রিল ২০২৩।
খ। জোনাল কমান্ডার পূর্ব জোন পত্র নং-৪৪.০৮.১৫৬১.২০০.৩৬.০০৭.২৩.১৩৮৪ তারিখ ১৮ এপ্রিল ২০২৩।
গ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং-৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৩.১০৫২ তারিখ ২১ মে ২০২৩।
ঘ। জোনাল কমান্ডার পূর্ব জোন পত্র নং-৪৪.০৮.১৫৬১.২০০.২১.০০৫.২৩.২৪০ তারিখ ২৬ জুন ২০২৩।
ঙ। তদন্ত কর্মকর্তার কার্যালয় পূর্ব জোন পত্র নং- পিএফ/২০২৪/২০২৩/১২ তারিখ ২৪ জুলাই ২০২৩।
চ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং-৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৩.২১৩০ তারিখ ১৫ অক্টোবর ২০২৩।
ছ। জোনাল কমান্ডার পূর্ব জোন পত্র নং-৪৪.০৮.১৫৬১.২০০.২০.০০৬.২৩.৪৪৫ তারিখ ২৬ অক্টোবর ২০২৩।
জ। কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০।

১। যেহেতু, বাংলাদেশ কোস্ট গার্ড পূর্ব জোনে কর্মরত জনাব মোঃ মামুনুর রশিদ, এমটিডি, ব্যক্তিগত নং-২০২১১৯ (শিক্ষানবিশ) গত ১১ নভেম্বর ২০২১ হতে ১৫ নভেম্বর ২০২১ পর্যন্ত মোট ০৫ দিনের নৈমিত্তিক ছুটি গমন করেন। ছুটি শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে অনুপস্থিত থাকায় এমটিডি এর সাথে বিসিজি বেইস চট্টগ্রামের লেঃ আশরাফুল আলম, (এসডি) (এস), বিএন (পি নং- ২৮০৯), এমটিও যোগাযোগ করলে এমটিডি কর্মস্থলে আসবেন বলে জানালেও যথাসময়ে উপস্থিত হয়নি। পরবর্তীতে এমটি চীফ সঃ সংখ্যা ৯৭০১২৬ এম মিজানুর, পিও এমটিডির সাথে যোগাযোগ করলে তিনি এমটি চীফের সাথে অসৌজন্যমূলক আচরণ করেন এবং তার ব্যক্তিগত ও পারিবারিক কাজ শেষ না হওয়া পর্যন্ত কর্মস্থলে রিপোর্ট করবেন না বলে জানান। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকায় এমটিডির স্থায়ী ঠিকানায় কর্মস্থলে যোগদানের জন্য (রেজিষ্ট্রি ডাকযোগে) গত ১২ এবং ২৩ ডিসেম্বর ২০২১ পরপর দুটি পত্র প্রেরণ করা হলেও এমটিডি কর্মস্থলে যোগদান করেননি এবং কোন জবাব প্রদান করেননি বা কর্তৃপক্ষের সাথে যোগাযোগও করেনি। এমটিডির বক্তব্য প্রদানের জন্য গত ২৬ ডিসেম্বর ২০২১ তার স্থায়ী ঠিকানায় (রেজিষ্ট্রি ডাকযোগে) পত্র প্রেরণ করা হলেও তিনি জবাব দেননি এবং পরবর্তীতে এমটিডি গত ১৪ মে ২০২২ কার্যে যোগদানের অনুমতি চেয়ে ডাকযোগে জোনাল কমান্ডার পূর্ব জোন বরাবর স্ব-ব্যাখ্যায়িত আবেদন প্রেরণ করেন এবং বিগত ০৬ মাস ২০ দিন অতিবাহিত হওয়ার পর গত ০৬ জুন ২০২২ হতে কর্মস্থলে স্ব-শরীরে উপস্থিত হন। এমটিডি ০৬ জুন ২০২২ হতে ১৫ জুন ২০২২ পর্যন্ত ১০ দিন কর্মস্থলে উপস্থিত ছিলেন। পরবর্তীতে গত ১৬ জুন ২০২২ হতে তিনি পুনরায় কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিধি বহির্ভূতভাবে কর্মস্থল ত্যাগ করেন; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০' এর প্রবিধি ৩৯ (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রাথমিক তদন্ত প্রতিবেদন পাওয়া যায়; এবং

৩। যেহেতু, উপর্যুক্ত অপরাধে প্রাথমিক তদন্তের প্রতিবেদন অনুযায়ী 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধি ৩৯ (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করে একই প্রবিধানমালার প্রবিধি ৪৩(১)(খ) অনুযায়ী অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান কর্মস্থলে প্রেরণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে জনাব মোঃ মামুনুর রশিদ, এমটিডি, ব্যক্তিগত নং-২০২১১৯ (শিক্ষানবিশ) এর দাখিলকৃত জবাব এবং তার ব্যক্তিগত শুনানি পর্যালোচনায় তা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য ০২ (দুই) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২৪ জুলাই ২০২৩ দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ মামুনুর রশিদ, এমটিডি, ব্যক্তিগত নং-২০২১১৯ (শিক্ষানবিশ) এর বিরুদ্ধে 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০' এর প্রবিধি ৩৯(খ) ও (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগের সত্যতা থাকায় একই প্রবিধানমালার প্রবিধি ৪৩(৬) মোতাবেক তাকে **চাকুরি হতে অপসারণের** গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য নির্দেশ দেওয়া হয়; এবং

৫। যেহেতু, অভিযুক্ত এমটিডি ২৬ অক্টোবর ২০২৩ ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জনাব মোঃ মামুনুর রশিদ, এমটিডি, ব্যক্তিগত নং-২০২১১৯ (শিক্ষানবিশ)-কে **চাকুরি হতে অপসারণের** গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

৬। জনাব মোঃ মামুনুর রশিদ, এমটিডি, ব্যক্তিগত নং-২০২১১৯ (শিক্ষানবিশ) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাজগপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধি ৪০(১)(খ)(ঈ) মোতাবেক চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৭। সেহেতু, জনাব মোঃ মামুনুর রশিদ, এমটিডি, ব্যক্তিগত নং-২০২১১৯ (শিক্ষানবিশ)-কে কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধি ৪০(১)(খ)(ঈ) মোতাবেক পলায়নের তারিখ হতে (১৬ জুন ২০২২) **চাকুরি হতে অপসারণ** এর আদেশ প্রদান করা হলো।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আশ্‌রাফুল হক চৌধুরী
রিয়ার এডমিরাল
মহাপরিচালক

বিতরণ ঃ
বহিস্থ ঃ
কার্য ঃ

জোনাল কমান্ডার পূর্ব জোন
অধিনায়ক, বিসিজি বেইস চট্টগ্রাম } - (এতদ্‌বিষয়ে গুরুদন্ড কার্যকরকরতঃ এবং অন্যান্য প্রশাসনিক কার্যাদি নিরূপণকরতঃ পার্সোনেল পরিদপ্তরে অবহিতকরণের অনুরোধসহ)।

জনাব মোঃ মামুনুর রশিদ, এমটিডি, ব্যক্তিগত নং-২০২১১৯ (শিক্ষানবিশ)
কোস্ট গার্ড পূর্ব জোন

অন্তস্থ ঃ
অবগতি ঃ

উপ-মহাপরিচালকের কার্যালয়
পরিচালক (লজিস্টিকস্) - বেতন ও আর্থিক বিষয়াদি নিরূপণের অনুরোধসহ।
পরিচালক (গোয়েন্দা) - পরিচয়পত্র সংগ্রহের অনুরোধসহ।
পরিচালক (আইটি ও যোগাযোগ) - কোস্ট গার্ড ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
জাজ অ্যাডভোকেট জেনারেল